7

তারিখ ০7 DEC 1994
পৃষ্ঠা ৭ কলাম ৩

দৈনিক বাংলা

অর্থনীতি বিভাগের শিক্ষকদের অভিযোগ

# ঢাকা ভার্সিটির দুইজন অধ্যাপক টাকা নিয়ে প্রশ্নপত্র ও নম্বর দেন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের দু'জন অধ্যাপকের প্রশ্নপত্র ও নম্বর বিক্রি এবং ছাত্রছাত্রীদের কাছ থেকে চাঁদা আদায়সহ বিভিন্ন অপকর্ম ও দুর্নীতির বিচার দাবি করেছেন অর্থনীতি বিভাগের শিক্ষকবৃন্দ। অভিযুক্ত দু'জন শিক্ষকের নাম প্রফেসর এইচ এম মাহাবুবুল আলম এবং প্রফেসর হারুন অর রশীদ খান।

সোমবার এক সাংবাদিক সম্মেলনে তারা এই দাবি করেন। অর্থনীতি বিভাগের সেমিনারকক্ষে অনুষ্ঠিত এ সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন প্রফেসর এ টি এম জহিরুল হক।

লিখিত বক্তব্যে বলা হয় ১৯৮৬ সাল থেকে অর্থনীতি বিভাগের একজন প্রফেসর যেসব পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়নকারী অথবা তার সদস্য ছিলেন সেসময় তিনি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজসমূহে পরীক্ষার প্রশ্নপত্র বিক্রি করেছেন। যার ফলে বিভিন্ন পরীক্ষার আগে প্রশ্নপত্র ফাঁসের ঘটনা ব্যাপকভাবে প্রচারিত হয়েছে। এ ব্যাপারে বেশ কয়েকবার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট ছাত্রছাত্রী ও অভিভাবকদের পক্ষ থেকে প্রমাণাদিসহ অভিযোগ করা হয়েছে। এসবের প্রেক্ষিতে ১৯৮৮ সালে অর্থনীতি বিভাগের একাডেমিক কমিটি প্রয়োজনীয় অনুসন্ধান শেষে সর্বসম্মতিক্রমে ওই প্রফেসরকে পরীক্ষা ও শিক্ষাদানসহ সকল প্রকার শিক্ষা কার্যক্রম থেকে অব্যাহতি প্রদান করা হয় এবং তা ৪ বছর যাবৎ বলবৎ থাকে।

এছাড়াও তিনি ছাত্রছাত্রীদের কাছ থেকে চাঁদা গ্রহণ করেছেন অবৈধভাবে। যার সঙ্গে অন্য এক প্রফেসরও জড়িত রয়েছেন। প্রথমোক্ত প্রফেসরের বিরুদ্ধে নৈতিক স্খলন-এর অভিযোগ করা হয়েছে।

লিখিত বক্তব্যে বলা হয়, এই দুজন শিক্ষকের দুর্নীতির বিষয়টি তদন্ত করার জন্য গত জুলাই মাসে ৩ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়। প্রফেসর আনোয়ারুল্লাহ চৌধুরী সে তদন্ত কমিটির আহবায়ক ছিলেন কিন্তু আজ পর্যন্ত সে কমিটি তাদের রিপোর্ট পেশ করেনি।